



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:-২৩৯/১২-৭৫

তারিখ: ২১ অক্টোবর ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি-

ফেসবুকে হ্যাক করে একটি বিভ্রান্তিকর পোস্টের সূত্র ধরে গতকাল ভোলার বোরহানউদ্দিনে সংঘটিত ০৪ জনের মৃত্যুর ঘটনা অনভিপ্রেত। জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন, এ ঘটনায় ধর্মীয় উন্মাদনা সৃষ্টির মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার অপচেষ্টা করা হয়েছে যা মানবাধিকারের চরম লঙ্ঘন। উক্ত ঘটনায় কমিশন গভীর উদ্বেগ প্রকাশের পাশাপাশি সামগ্রিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। মাননীয় চেয়ারম্যান এ ঘটনার পরিকল্পনায় জড়িত প্রকৃত দোষীদের অতি দ্রুত আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে আহ্বান জানিয়েছেন।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ